দৈনিক
ইনকিলাব

তারিখ ..... 5 JAN 2010 ..
পৃষ্ঠা ....... কলাম ........

# শাবিতে জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড-২০১০

শাবি সংবাদদাতা

বাংলাদেশ বিজ্ঞান একাডেমি প্রথমবারের মত দেশব্যাপী 'জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড-২০১০' আয়োজন করতে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আগামী ৮ জানুয়ারি সিলেট অঞ্চলের প্রতিযোগিতা শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে। স্কুলের ছাত্র-ছাত্রীরা দুটি গ্রুপে জুনিয়র গ্রুপ (৫ম -৮ম শ্রেণী) এবং মাধ্যমিক (৯ম-১০ম শ্রেণী) এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। শাবি ভিসি প্রফেসর ড. মোঃ সালেহ উদ্দিন এ দিন সকাল ৯টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজ্ঞান অলিম্পিয়াডের উদ্বোধন করবেন। উদ্বোধন এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করবেন প্রখ্যাত পদার্থ বিজ্ঞানী প্রফেসর আলী আজগর ও প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল। এমসিকিউ পদ্ধতিতে সকাল ১০-১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার পর কুইজ প্রতিযোগিতা, বিজ্ঞান সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান, ও প্রশ্নোত্তর পর্ব থাকবে। অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে দুপুরের খাবার, টি-শার্ট, মেডেল ও সার্টিফিকেট প্রদান করা হবে। বিকেলে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্যদিয়ে প্রতিযোগিতার সমাপ্তি হবে। প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন চলবে আগামী ৬ জানুয়ারী বিকেল ৫টা পর্যন্ত। প্রতিযোগিতায় অংশগ্রহণের বিভিন্ন তথ্য ও রেজিস্ট্রেশন ফরম সিলেট শহরের বিভিন্ন বিদ্যালয়গুলোতে এবং সিলেট শহরের বাইরে শুধুমাত্র সরকারী বিদ্যালয়গুলোতে পাঠানো হয়েছে। এছাড়াও প্রতিযোগিতা সম্পর্কিত যে কোনো তথ্য ও রেজিস্ট্রেশনের জন্য শাবি সায়েন্স অ্যারেনার নয়ন খালেকুজ্জামান মোবাইল (০১৭১৬-২৭৩১৭৩) এবং শাবি'র রসায়ন বিভাগের অফিসে যোগাযোগ করে জানা যাবে। প্রতিযোগিতায় সিলেট বিভাগের সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রফেসর ড. ইউনুছ। বাংলাদেশ বিজ্ঞান একাডেমির মূল উদ্যোক্তা হিসেবে রয়েছেন বুয়েট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের প্রফেসর কায়কোবাদ।